



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৪৪.২০.৫৮

তারিখ: ১ মাঘ ১৪২৭

১৫ জানুয়ারি ২০২১

বিষয়: বগুড়া জেলার আদমদীঘি উপজেলার হাজী হাছের আহম্মদ মহিলা কলেজের নিয়োগ প্রাপ্ত প্রভাষক জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন এর এমপিও আবেদন যাচাইপূর্বক বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০৪.২০১৮.১১৫, তারিখ- ২৮/০৮/২০২০খ্রি. মোতাবেক বগুড়া জেলার আদমদীঘি উপজেলার হাজী হাছের আহম্মদ মহিলা কলেজের নিয়োগ প্রাপ্ত প্রভাষক জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন এর এমপিও আবেদন যাচাইপূর্বক বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তি করার জন্য অত্র অধিদপ্তরের প্রেরণ করা হয়েছে।

আবেদনের বর্ণনা: বগুড়া জেলার আদমদীঘি উপজেলার হাজী হাছের আহম্মদ মহিলা কলেজের নিয়োগ প্রাপ্ত প্রভাষক জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে ১২/১১/২০০৪খ্রি. তারিখের নিয়োগ পত্রের মাধ্যমে ২৪/০৪/২০০৪খ্রি. তারিখে যোগদান করেন। যাহার বিষয় কোড ২১৪ ও ২১৫। কলেজটি ২৩/১০/২০১৯খ্রি. তারিখে এমপিওভুক্ত হয়। সকল শিক্ষক কর্মচারীর নাম আঞ্চলিক কার্যালয়, রাজশাহীতে প্রেরণ করলে প্রাপ্যতা না থাকায় তার নাম বাদ পড়ে। তিনি দাবি করেন ২০০১ সালে মানবিক শাখায় ইসলামের ইতিহাস বিষয়ের স্বীকৃতি প্রদান করা হয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, রাজশাহী এর স্মারক নং ৩/কল/বগ/৯৭২/১ম্য/৩৭৫৭, তারিখ-৩০/১০/২০০৪খ্রি. মোতাবেক ইসলামি শিক্ষা শাখায় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে খোলার অনুমোদন দেয়া হয়। বিষয় ০২টি ভিন্ন ভিন্ন এবং বর্ণিত বিষয় ০২টিতে ০২ (দুই) জন শিক্ষকের প্রাপ্যতা আছে।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহীর মতামত প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

১৫-১-২০২১

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক

উপ-কলেজ পরিদর্শক (রুটিন দায়িত্ব)

উপ-কলেজ পরিদর্শকের শাখা

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী